# এস এস সি পরীক্ষা ২০১৬ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## ভূগোল ও পরিবেশ

বিষয় কোড: ১ ১ ০

সময় — ২ ঘন্টা ১০ মিনিট | সৃজনশীল প্রশ্ন | পূর্ণমান — ৬০

*[দ্রষ্টব্য :- দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের মান ১০।]*

১. ▶ রুমানা সন্ধ্যার আকাশে একটি তারাকে জ্বল জ্বল করতে দেখল। সে মামার কাছে জানতে পারল এটি তারা নয়, এটি আমাদের নিকটবর্তী একটি গ্রহ। মামা আরো বললেন, পৃথিবীর পরের কক্ষপথেই এ রকম আরেকটি গ্রহ রয়েছে। সেখানে পানি থাকা সত্ত্বেও প্রাণীর বসবাস সম্ভব হচ্ছে না।

ক. কোন গ্রহকে গ্রহরাজ বলা হয়? ১

খ. গ্যালাক্সী বলতে কি বুঝ? ব্যাখ্যা কর। ২

গ. রুমানার দেখা গ্রহটির বৈশিষ্ট্য বর্ণনা কর। ৩

ঘ. কোন অবস্থানসমূহ বিদ্যমান থাকলে উদ্দীপকের শেষোক্ত গ্রহটিতে প্রাণীর বসবাস সম্ভব হতো? যুক্তি সহকারে তোমার মতামত দাও। ৪

২. ▶ দৃশ্যপট-১ ঃ ইন্দোনেশিয়ার সুমাত্রা দ্বীপে শোকাবস্থা বিরাজ করছে। কারণ সুনামীর আঘাতে দ্বীপটিতে বিভিন্ন প্রাণীসহ অসংখ্য মানুষের প্রাণহানি ঘটছে।

দৃশ্যপট-২ ঃ ইতালীর একটি ভূমিরূপ থেকে প্রতিনিয়ত উত্তপ্ত গলিত পদার্থ নির্গত হচ্ছে।


ক. ভূ-ত্বক যেসব উপাদান দ্বারা গঠিত তাদের সাধারণ নাম কী? ১

খ. অবক্ষেপন বলতে কি বুঝায়? ২

গ. দৃশ্যপট-১ এর ঘটনার পিছনে কোন প্রাকৃতিক কারণটি দায়ী? ব্যাখা কর। ৩

ঘ. দৃশ্যপট-২ এর প্রাকৃতিক ঘটনাটি মানবজীবনে কিরূপ প্রভাব বিস্তার করে? বিশ্লেষণ কর। ৪

৩. ▶



চিত্র: বৃষ্টিপাত

Teachingbd.com

ক. বায়ুর জলীয়বাষ্প ধারণ করাকে কী বলে? ১

খ. তাপমন্ডলের বৈশিষ্ট্যগুলো লিখ। ২

গ. চিত্রে নির্দেশিত বৃষ্টিপাতটি কোন ধরনের বৃষ্টিপাত নির্দেশ করছে? উক্ত বৃষ্টিপাতের বর্ণনা দাও। ৩

ঘ. উক্ত বৃষ্টিপাত বাংলাদেশের সিলেট জেলায় কৃষির উন্নতির ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদান রাখে-মতামতের স্বপক্ষে তোমার যুক্তি দাও। ৪

৪. ▶ সুমনের বন্ধু শীতপ্রধান দেশের উপকূলে বসবাস করে। সে তার বন্ধুর কাছ থেকে জানতে পারে ঐ দেশের জলবায়ুর উপর সমুদ্রস্রোত প্রত্যক্ষ ভূমিকা পালন করে। আবার পরিবহন ব্যবস্থাও উষ্ণ ও শীতল সমুদ্র স্রোত দ্বারা প্রভাবিত হয়।

ক. প্রধানত কয়টি কারণে জোয়ার ভাটা সৃষ্টি হয়? ১

খ. নিমজ্জিত শৈলশিরা বলতে কী বুঝ? ২

গ. সুমনের বন্ধু তার দেশের জলবায়ুর উপর যে কারণটির প্রভাব উল্লেখ করেছে তা ব্যাখ্যা কর। ৩

ঘ. পরিবহন ব্যবস্থার উপর উক্ত কারণটির প্রভাব কি হতে পারে বলে তুমি মনে কর? ৪

৫. ▶ মিলন দীর্ঘদিন বিদেশে বসবাস করার পর নিজ গ্রামে ফিরে এসে অনেক পরিবর্তন লক্ষ্য করল। তার গ্রাম আর আগের মতো গ্রাম নেই নগররায়নের লক্ষণ সর্বত্র বিদ্যমান। তবে এই নগরায়ন পরিকল্পিতভাবে না হওয়ার কারণে সে বিভিন্ন রকম সমস্যার সম্মুখীন হচ্ছে।

ক. অবস্থানের প্রেক্ষিতে ও বাসগৃহসমূহের পরস্পরের ব্যবধানের ভিত্তিতে গ্রামীণ বসতিকে কয় ভাগ করা যায়? ১

খ. বসতি কীভাবে গড়ে উঠে? ২

গ. মিলন এর গ্রামে যে পরিবর্তন পরিলক্ষিত হচ্ছে তার প্রভাবসমূহ উল্লেখ কর। ৩

ঘ. মিলন এর গ্রামে অপরিকল্পিত নগরায়নের ফলে যে সকল সমস্যা সৃষ্টি হতে পারে তা বিশ্লেষণ কর। ৪

৬. ▶ একদল শিক্ষার্থী দেশের দক্ষিণ-পূর্বাঞ্চলে শিক্ষা ভ্রমণে গেল। সেখানে তারা দেখতে পেল একটি নদীর স্রোতকে কাজে লাগিয়ে এক ধরনের শক্তি উৎপন্ন করা হচ্ছে।

http://teachingbd.com

ক. ট্যাংগন কোন নদীর উপনদী? ১

খ. বাংলাদেশের সীমা উল্লেখ কর। ২

গ. শিক্ষার্থীদের দেখা নদীটির গতিপথ বর্ণনা কর। ৩

ঘ. বাংলাদেশের অর্থনীতিতে উক্ত নদীটির অর্থনৈতিক গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

৭. ▶

| অঞ্চল | মৃত্তিকা | বনজ সম্পদ |
|---|---|---|
| ক | ধূসর ও লালচে | গজারি, হিজল |
| খ | পলি ও কর্দম | সুন্দরি, গরান |

ক. বাংলাদেশের প্রথম কাগজের কল কোথায় স্থাপিত হয়েছিল? ১

খ. বাংলাদেশে পাট শিল্প গড়ে ওঠার কারণ ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লেখিত ছকের 'ক' চিহ্নিত অঞ্চলটি বাংলাদেশের কোন বনভূমির অন্তর্গত। ব্যাখ্যা কর। ৩

ঘ. উল্লেখিত ছকের 'ক' ও 'খ' অঞ্চল দুটির মধ্যে কোনটি সাম্প্রতিক কালের প্লাবন সমভূমির অন্তর্গত? বিশ্লেষণ কর। ৪

৮. ▶ জয় তার বন্ধুদের সাথে নারায়ণগঞ্জ বন্দর বেড়াতে গেল। তার এক বন্ধু তাকে বলল এ রকম আরো অনেক বন্দর আছে যা বাণিজ্য ও যাত্রী পরিবহনে ব্যবহৃত হয় এবং বাংলাদেশে এ ধরনের বন্দর গড়ে ওঠার অনুকূল অবস্থা বিদ্যমান।

ক. বাংলাদেশের প্রধান অর্থকরী ফসল কোনটি? ১

খ. বৈদেশিক বাণিজ্যে হিমায়িত খাদ্য রপ্তানির সুবিধাজনক পথ কোনটি এবং কেন? ২

গ. উদ্দীপকে উল্লেখিত বন্দর গড়ে ওঠার পিছনে কি কি নিয়ামক কাজ করছে ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লেখিত বন্দর গড়ে ওঠার জন্য বাংলাদেশে অনুকূল অবস্থা বিদ্যমান- তোমার মতামতের স্বপক্ষে যুক্তি দাও। ৪

৯. ▶ ঢাকার অদূরে ডেমরা থেকে নারায়ণগঞ্জ শহর পর্যন্ত শীতলক্ষ্যা নদীর তীর ঘেষে দীর্ঘদিন ধরে নানা ধরনের শিল্প প্রতিষ্ঠান গড়ে উঠেছে। এর মধ্যে ইপিজেড, জুটমিলস, কটনমিলস উল্লেখযোগ্য।

ক. সম্পদকে প্রাথমিকভাবে কয়ভাগে ভাগ করা যায়? ১

খ. বাণিজ্যিক ভারসাম্যতা বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে উল্লেখিত শিল্পগুলো কোন শ্রেণির ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত অঞ্চলে শিল্প গড়ে ওঠার প্রাকৃতিক কারণ বিশ্লেষণ কর। ৪

Teachingbd.com

ভূগোল ও পরিবেশ : বহুনির্বাচনি অভীক্ষা

বিষয় কোড: | ১ | ১ | ০ |

সময় — ৪০ মিনিট    পূর্ণমান — ৪০

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

**১. ভূগোলকে পৃথিবীর বিজ্ঞান বলেছেন কে?**
ⓚ অধ্যাপক ম্যাকনি
ⓛ অধ্যাপক কার্ল রিটার
ⓜ অধ্যাপক ডাডলি স্ট্যাম্প
ⓝ অধ্যাপক ভন হাসবোল্ট

**২. পৃথবীর উপগ্রহ কোনটি?**
ⓚ ক্যারণ ⓛ টাইটান
ⓜ ফোবোস ⓝ চাঁদ

**৩. নীহারিকা সমূহ কোন ধরনের পদার্থে পূর্ণ?**
ⓚ কঠিন ⓛ তরল
ⓜ গ্যাসীয় ⓝ পাথুরে

**৪. শান্ত প্রকৃতির নিঃসারী শিলা কোনটি?**
ⓚ ব্যাসল্ট ⓛ গ্রানাইট
ⓜ পরফাইরি ⓝ ল্যাকোলিথ


**৫. কোন জ্যোতিষ্কের মহাকর্ষ বল অত্যন্ত বেশি?**
ⓚ নীহারিকা ⓛ পালসার
ⓜ কৃষ্ণবামন ⓝ ধূমকেতু।

**৬. মহাকাশে কোন গ্যালাক্সি গুলো বেশি উজ্জ্বল?**
ⓚ উপবৃত্তাকার ⓛ চন্দ্রাকার
ⓜ বৃত্তাকার ⓝ অর্ধবৃত্তাকার

**৭. বিভাগ, জেলার নাম ও সীমানাসহ একটি দেশের আন্তর্জাতিক সীমা ও সীমানা দেখানো মানচিত্রকে-**
i. প্রশাসনিক মানচিত্র বলা হবে
ii. আন্তর্জাতিক মানচিত্র বলা হবে
iii. রাজনৈতিক মানচিত্র বলা হবে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓛ ii ও iii
ⓜ i ও iii ⓝ i, ii ও ii

**৮. মকরক্রান্তি রেখার অক্ষাংশ কত?**
ⓚ ০° ⓛ ২৩.৫° উত্তর
ⓜ ৬৬.৫° দক্ষিণ ⓝ ২৩.৫° দক্ষিণ

**৯. মানচিত্রে সূচক দেওয়া থাকে কেন?**
ⓚ মানচিত্রে পাঠের প্রয়োজনে
ⓛ স্কেল অঙ্কনের প্রয়োজনে
ⓜ দিক নির্ণয়ের প্রয়োজনে
ⓝ ব্যবহার নির্দেশের প্রয়োজনে



**১০. চিত্রে দেখা যাচ্ছে-**
ⓚ আগ্নেয় শিলা ⓛ পাললিক শিলা
ⓜ জৈবিক শিলা ⓝ রূপান্তরিত শিলা

**১১. উক্ত শিলা গুরুত্বপূর্ণ কেন না-**
i. ভূপৃষ্ঠের মোট আয়তনের শতকারা ৫ ভাগ দখল করে আছে
ii. মহাদেশীয় ভূত্বকের আবরণের ৭৫ ভাগ এই শিলা
iii. জীবাশ্ম দেখা যায় না
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓛ i ও iii
ⓜ ii ও iii ⓝ i, ii ও ii

**১২. উক্ত শিলার ক্ষেত্রে প্রযোজ্য কোন উক্তিটি?**
ⓚ নরম, হালকা ও সহজেই ক্ষয়প্রাপ্ত হয়
ⓛ কঠিন ও কম ভঙ্গুর
ⓜ স্ফটিক যুক্ত
ⓝ দানাগুলো স্থূল ও হালকা রঙের

**১৩. বায়ুতে অক্সিজেনের পরিমাণ কত?**
ⓚ ৭৯.০০% ⓛ ৮৭.০০%
ⓜ ২০.৭১% ⓝ ১২.০০%

**১৪. বায়ুমণ্ডলের সর্বনিম্ন স্তরের নাম কি?**
ⓚ ট্রপোমণ্ডল ⓛ তাপমণ্ডল
ⓜ স্ট্রাটোমণ্ডল ⓝ মেসোমণ্ডল

**১৫. জলীয় বাষ্পপূর্ণ বায়ু কোনো এলাকার ওপর দিয়ে প্রবাহিত হলে সে এলাকা কি হয়?**
ⓚ প্রচুর কুয়াশা ⓛ তীব্র দাবদাহ
ⓜ প্রচুর বৃষ্টিপাত ⓝ তীব্র শীত

**১৬. বাংলাদেশের চট্টগ্রাম বিভাগে বৃষ্টিচ্ছায়া অঞ্চল দেখা যায় কারণ-**
ⓚ এ অঞ্চল স্থল দ্বারা বেষ্টিত
ⓛ এ অঞ্চল জল দ্বারা বেষ্টিত
ⓜ এ অঞ্চল স্থল ও জল দ্বারা বেষ্টিত
ⓝ এ অঞ্চল পাহাড়-পর্বত দ্বারা বেষ্টিত

**১৭. চিনুক কোন ধরনের বায়ু?**
ⓚ স্থানীয় বায়ু ⓛ পশ্চিমা বায়ু
ⓜ প্রত্যায়ন বায়ু ⓝ নিয়ত বায়ু

**১৮. গর্জনশীল চল্লিশ কোন অক্ষাংশে অবস্থিত?**
ⓚ প্রায় ৪০° - ৪৭ দক্ষিণ অক্ষাংশে
ⓛ প্রায় ৪০° - ৬৫° দক্ষিণ অক্ষাংশে
ⓜ প্রায় ৪০° - ৪৪° উত্তর অক্ষাংশে
ⓝ প্রায় ৪০° - ৪৭° উত্তর অক্ষাংশে

**১৯. মৌসুমি বায়ুর অন্যতম বৈশিষ্ট্য হলো -**
i. মৌসুমি বায়ু একটি সাময়িক বায়ু
ii. ঋতু পরিবর্তনের সঙ্গে এর দিক পরিবর্তন হয়
iii. ভারতীয় উপমহাদেশের উত্তর পশ্চিমে প্রচণ্ড উত্তাপে নিম্নচাপ সৃষ্টি হয়।
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓛ i ও iii
ⓜ ii ও iii ⓝ i, ii ও ii

**২০. রাতের আকাশে রূপালি চাঁদ হলো একটি—**
ⓚ উপগ্রহ ⓛ গ্রহ
ⓜ নক্ষত্র ⓝ উল্কা

Teachingbd.com

২১. বাংলাদেশের কোন অংশে বেশি ঘূর্ণিঝড় সংঘটিত হয়?
ⓚ পূর্বাংশে ⓚ পশ্চিমাংশে
ⓖ উত্তরাংশে ⓖ দক্ষিণাংশে

২১. বাংলাদেশের কোন অংশে বেশি ঘূর্ণিঝড় সংঘটিত হয়?
(ক) পূর্বাংশে (খ) পশ্চিমাংশে
(গ) উত্তরাংশে (ঘ) দক্ষিণাংশে

২২. বাংলাদেশে কয়টি আন্তর্জাতিক নদী রয়েছে?
(ক) ৫৪টি (খ) ৫৮টি
(গ) ৫৯টি (ঘ) ৫৭টি

২৩. দুর্যোগকে কার্যত মোকাবেলার জন্য কোন সময় বেশি কাজ সম্পন্ন করতে হয়-
(ক) প্রতিরোধ (খ) পূর্বপ্রস্তুতি
(গ) সাড়াদান (ঘ) পুনরুদ্ধার

২৪. সিনয়েলুয়ে দ্বীপ কোথায় অবস্থিত?
(ক) ভারত (খ) থাইল্যান্ড
(গ) ইন্দোনেশিয়া (ঘ) মায়ানমার

২৫. বাংলাদেশের প্রধান তিন নদীর উৎপত্তি স্থল কোন দেশগুলো?
(ক) চীন, নেপাল, ভারত ও ভূটান
(খ) মালদ্বীপ, নেপাল, ভারত ও ভূটান
(গ) ভারত, ভূটান, মায়ানমার ও নেপাল
(ঘ) ভারত, চীন, মায়ানমার ও মালদ্বীপ

২৬. মধ্য পর্যায়ের ভূমিকম্পে কেন্দ্রের ব্যাপ্তি কোনটি?
(ক) ৭০ - ২৫০ কি.মি. (খ) ৭০ - ২৮০ কি.মি.
(গ) ৭০ - ৩৫০ কি.মি. (ঘ) ৭০ - ৩০০ কি.মি.

নিচের উদ্দীপকটি পড় এবং ২৭ ও ২৮ নং প্রশ্নের উত্তর দাও:
রহিম দেখতে পেলো তার জমি থেকে ফসল উৎপাদনের পরিমাণ ক্রমশ কমে যাচ্ছে। সে কৃষি কর্মকর্তার কাছে গেলে তিনি বিশেষ এক দূষণের কথা বললেন যার ফলে ফসল উৎপাদন কমে যাচ্ছে।

২৭. উল্লিখিত দূষণের ফলাফল কি?
(ক) লবণাক্ততা বৃদ্ধি (খ) উৎপাদন ক্ষমতা হ্রাস
(গ) মরুকরণ (ঘ) উর্বরতা হ্রাস

২৮. উক্ত দূষণের নির্দেশিত কারণ -
i. অধিক সার প্রয়োগ ii. কীটনাশক ব্যবহার
iii. জৈব সার ব্যবহার
নিচের কোনটি সঠিক?
(ক) i (খ) i ও ii
(গ) i ও iii (ঘ) i, ii ও ii

২৯. কোন ক্ষেত্রে উন্নয়ন ঘটাতে পারলে কৃষি শিল্পের উন্নয়ন ত্বরান্বিত হবে-
(ক) যোগাযোগ (খ) কৃষি
(গ) শিল্প (ঘ) আবাসন

৩০. বাংলাদেশের কয়জাতের উভয়চর প্রাণী সনাক্ত করা হয়েছে?
(ক) ১৮ (খ) ১৯
(গ) ২০ (ঘ) ২১

৩১. যমুনা নদীর পশ্চিম অংশে কী ধরনের রেলপথ দেখা যায়?
(ক) ব্রড়গেজ (খ) ডুয়েলগেজ
(গ) মিটারগেজ (ঘ) মাইলগেজ

৩২. বাংলাদেশে মোটকতটি রেল স্টেশন আছে?
(ক) ৮৪৯ (খ) ৫৫৪
(গ) ৪৪০ (ঘ) ৬৫৪

৩৩. আভ্যন্তরীণ বাণিজ্যের ক্ষেত্রে আমাদের যাতায়াত ব্যবস্থার প্রভাব হচ্ছে পথ গুলো-
i. বিভিন্ন দ্রব্যের যাতায়াতকরণ সহজ করে
ii. দ্রব্য মূল্য স্থিতিশীল রাখতে সহায়তা করে
iii. বিনিয়োগে উৎসাহিত করে
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও ii

৩৪. শতকরা কত ভাগ মালয়েশিয়া থেকে আমদানী করা হয়?
(ক) ১.৮% (খ) ৩.২%
(গ) ৩.৭% (ঘ) ৪.৭৫%


৩৫. চা চাষের জন্য প্রয়োজনীয় তাপমাত্রা কত ডিগ্রি সেলসিয়াস?
(ক) ১৬° - ১৭° (খ) ১২° - ২৫°
(গ) ১৫° - ১৬° (ঘ) ১৭° - ১৯°

৩৬. স্রোতজ বা লবনাক্ত পানির বনভূমির বৃক্ষের প্রধান বৈশিষ্ট্য হচ্ছে-
i. গাছগুলোর শ্বাসমুল জোয়ারের সময় পানির ওপর জেগে থাকে
ii. বীজের অঙ্কুরোদগম ফল গাছে থাকতেই হয়
iii. গাছগুলো খুব দীর্ঘ ও মোটা হয়।
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) ii ও iii
(গ) i ও iii (ঘ) i, ii ও ii

৩৭. কুমার, মাথাভাঙ্গা, ভৈরব, গড়াই, মধুমতী, আড়িয়ালখাঁ- কোন নদীর শাখা নদী?
(ক) পদ্মা (খ) মেঘনা
(গ) যমুনা (ঘ) ব্রহ্মপুত্র

৩৮. বর্ষাকালে বাংলাদেশের কী ধরনের বৃষ্টিপাত হয়?
(ক) সংঘর্ষ বৃষ্টি (খ) শৈলোৎক্ষেপ বৃষ্টি
(গ) পরিচলন (ঘ) ঘূর্ণিবৃষ্টি

নিচের চিত্রটি লক্ষ কর এবং ৩৯ ও ৪০ নং প্রশ্নের উত্তর দাও:



৩৯. চিত্রে কী ধরনের বসতি দেখা যায়?
(ক) রৈখিক (খ) সংঘবদ্ধ
(গ) পৌর (ঘ) গ্রামীণ

৪০. চিত্রের বসতিটি কীভাবে গড়ে উঠেছে?
(ক) রাস্তাঘাটকে কেন্দ্র করে
(খ) টিনের ব্যবহার কেন্দ্র করে
(গ) কৃষিকাজকে কেন্দ্র করে
(ঘ) সেবা কাজকে কেন্দ্র করে

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | খ | ২ | ঘ | ৩ | গ | ৪ | ক | ৫ | গ | ৬ | ক | ৭ | গ | ৮ | ঘ | ৯ | ক | ১০ | খ | ১১ | ক | ১২ | ক | ১৩ | গ | ১৪ | ক | ১৫ | গ | ১৬ | ঘ | ১৭ | ক | ১৮ | ক | ১৯ | গ | ২০ | ক |
| ২১ | ক | ২২ | ঘ | ২৩ | খ | ২৪ | গ | ২৫ | ক | ২৬ | ঘ | ২৭ | ঘ | ২৮ | খ | ২৯ | ক | ৩০ | খ | ৩১ | ক | ৩২ | গ | ৩৩ | ক | ৩৪ | ঘ | ৩৫ | ক | ৩৬ | ক | ৩৭ | ক | ৩৮ | খ | ৩৯ | ঘ | ৪০ | গ |

http://teachingbd.com